

**দঃ এশিয়া অঞ্চলে মানবসম্পদ
উন্নয়নে শিক্ষা বিনিয়ম
কর্মসূচীর সম্প্রসারণ
প্রয়োজনঃ সার্ক মহাসচিব**

ইত্তেফাক রিপোর্টঃ সার্কের মহাসচিব কামার রহিম বলেছেন, দক্ষিণ এশিয়ার দেশসমূহের দারিদ্র্য বিমোচন ও মানব সম্পদ উন্নয়নে আঞ্চলিক শিক্ষা বিনিয়ম কর্মসূচীর ব্যাপক সম্প্রসারণ ঘটাতে হবে। একই সাথে খ ব দেশের সরকারকে শিক্ষার মান উন্নয়নের বিষয়টিকে রাষ্ট্রীয় কর্মসূচীতে অগ্রাধিকার দিতে হবে। গতকাল মঙ্গলবার বেসরকারী বিশ্ববিদ্যালয় স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের ক্যাম্পাসে প্রায়শে সার্ক অঞ্চলে উন্নয়ন সহযোগিতায় শিক্ষা শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির (১৫শ পৃঃ ৬-এর কঃ প্রঃ)

**দঃ এশিয়া অঞ্চলে
(শেষ পৃঃ পর)**

বক্তৃতায় সার্ক মহাসচিব আরো বলেন, ১৯৮৫ সালে সার্ক গঠনের প্রাথমিক সময়ে অর্থনৈতিক সমৃদ্ধি, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন লক্ষ্য থাকলেও পরবর্তীতে পৃথকভাবে শিক্ষা সম্প্রসারণ কর্মসূচীকে প্রাধান্য দেয়া হয়। কিন্তু সার্ক গঠনের ১৬/১৭ বৎসরাধিকাল সময় অতিক্রান্ত হলেও আজ অবধি তেমন কোন সাফল্য অর্জিত হয়নি। তিনি বলেন, বাংলাদেশ, নেপাল, ভূটান, পাকিস্তান, ভারতসহ সার্কের অন্যান্য দেশে অপুষ্টি, নিম্ন জীবনমানসহ সবকিছুর পেছনেই রয়েছে অশিক্ষা। এ কারণে আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রে সার্কভুক্ত দেশসমূহকে সেই সকল ক্ষেত্র চিহ্নিত করতে হবে, যা দারিদ্র্য দূরীকরণে ভূমিকা রাখবে। তিনি এ ব্যাপারে রাজনৈতিক সিদ্ধান্তের ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতায় দৈনিক ইত্তেফাক সম্পাদকমন্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন বলেন, দক্ষিণ এশিয়ার দেশে দেশে রাজনৈতিক অস্থিরতা ও পারস্পরিক বোঝাপড়ার অভাবে সার্ক গতিশীল হতে পারছে না। এতদঞ্চলের দেশসমূহের দারিদ্র্য বিমোচন ও মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধিতে আঞ্চলিক সহযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। দক্ষিণ এশিয়ায় শিক্ষার অনগ্রসরতার পাশাপাশি দেশে দেশে কর্মসংস্থান সংকটও তীব্র হচ্ছে। এ ব্যাপারে খ ব দেশের সরকারকে কার্যকর উদ্যোগ নিতে হবে।

তিনি আন্তর্জাতিক প্রেক্ষাপটে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার মান উন্নয়ন ঘটিয়ে তরুণ প্রজন্মকে অধিকতর কর্মযোগ্য করে তোলার উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নর্থ সাউথ ইউনিভার্সিটির ভিসি হাফিজ এ সিদ্দিকী, স্টেট ইউনিভার্সিটির ভিসি মাহমুদুল আমীন, ভাইস প্রেসিডেন্ট ডাঃ মাহবুবুর রহমান, ফ্যাকাল্টি অধ্যাপক জাকির হোসেন প্রমুখ।

আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে সম্মাননা ক্রেট প্রদান করা হয়।